গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় প্রকৌশলী-২ এর কার্যালয়
বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।
E-mail: den2ctg@railway.gov.bd

সিএসটিই (টেলিকম) এর দপ্তর
তিঃ সিএসটিই (টেলিকম)
ডিএসটিই (টেলিকম) সদর
ডিডি (টেলিকম) ১ ও ২, ডিডি (সিগন্যাল)
সিনিঃ এইএসটিএ (টেলিকম), এটি (আইটি)
এসএসএই (টেলিকম), তারিখঃ
ডিইএস, পিএ, প্রধান সহকারী, সেকশন, ইউডিএ, এলডিএ
ডাইরী নং ... তারিখ ...

নিলাম বিজ্ঞপ্তি নং-৭৭৪-১/এ/অপসারন/এফ-২৫(২০২৬); তারিখঃ-১২/১১/২০২৬খ্রিঃ।

নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

১। এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রামের সিআরবি সংলগ্ন এজেন্ট হিল এলাকায় অবস্থিত এফ/২৫ পরিত্যক্ত ভবনটি প্রকাশ্য নিলাম দরপত্রের মাধ্যমে বিক্রি করা হবে। এতদবিষয়ে বিভাগীয় প্রকৌশলী-২, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম এর দপ্তর হতে দরপত্র সংক্রান্ত সকল তথ্য পাওয়া যাবে। উক্ত নিলাম দরপত্র দলিল বিভাগীয় প্রকৌশলী-২/চট্টগ্রাম, জেলা প্রশাসক/চট্টগ্রাম এবং রেলওয়ে পুলিশ সুপার(এসআরপি) এর কার্যালয় হতে মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে বরাবরে নির্ধারিত কোড (১৪২২৩২৮)"এ চালান" মূলে ১০০০/-(এক হাজার টাকা) জমা প্রদানের প্রমানপত্র প্রদান স্বাপেক্ষে আগামী ০৩/১২/২০২৬ইং তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত সংগ্রহ করা যাবে এবং ০৬/১২/২০২৬ইং তারিখ ১২.৩০ ঘটিকার মধ্যে বিভাগীয় প্রকৌশলী-২/চট্টগ্রাম, জেলা প্রশাসক/চট্টগ্রাম এবং রেলওয়ে পুলিশ সুপার(এসআরপি) এর কার্যালয় নির্ধারিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করতে হবে। ০৭/১২/২০২৬ইং তারিখ সকল কার্যালয়ে দাখিলকৃত দরপত্র সমূহ সংগ্রহ পূর্বক বিভাগীয় প্রকৌশলী-২, চট্টগ্রাম কার্যালয়ে ১২.০০ ঘটিকার সময় দরদাতাগনের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।

২। দরপত্রের সাথে সর্বোচ্চ দরদাতা উদ্ধৃত মূল্যের ২৫% জামানত হিসেবে বাংলাদেশ ব্যাংক এর তফসিলভূক্ত যে কোন ব্যাংক হতে এক্সএসসিএও(পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দরপত্রের সাথে দাখিল করতে হবে। একই সাথে ব্যক্তি/প্রতিষ্ঠানের এনআইডি, হাল নাগাদ ট্রেড লাইসেন্স, হাল নাগাদ আয়কর সনদপত্র সংযোজন পূর্বক দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র গ্রহনযোগ্য হবে না। দরপত্র গৃহীত হওয়ার পর জামানতের টাকা আবেদনের প্রেক্ষিতে ফেরৎ প্রদান করা হবে।

৩। দরপত্র দাখিলের পূর্বে দরদাতাগন অবশ্যই সিআরবি এজেন্ট হিল সংলগ্ন এফ/২৫ ভবনটি সরেজমিনে দেখে দর উল্লেখ করবেন। পরবর্তীতে কোন প্রকার ওজর আপত্তি গ্রহনযোগ্য হবে না।

৪। দরদাতার উদ্ধৃত দর গৃহীত হওয়ার ০৭(সাত) দিনের মধ্যে দরপত্রে উল্লেখিত সমুদয় টাকা বাংলাদেশ ব্যাংক এর তফসিলভূক্ত যে কোন ব্যাংক হতে "এ" চালান এর মাধ্যমে সরকারী নিয়মানুযায়ী উক্ত দরের ৫% (সরকারী আদেশ বলে পরিবর্তনযোগ্য) হারে উৎস কর এবং ১৫% (সরকারী আদেশ বলে পরিবর্তনযোগ্য) হারে মূল্য সংযোজন কর এবং উদ্ধৃত মূল্যের সমুদয় টাকা জমা প্রদান পূর্বক সকল চালানের কপি বিভাগীয় প্রকৌশলী-২/চট্টগ্রাম দপ্তরে দাখিল করতে হবে। এই সকল অর্থ প্রাপ্তির পর চুক্তিপত্র সম্পাদন পূর্বক কার্যাদেশ প্রদান করা হবে।

৫। ০৭(সাত) দিনের মধ্যে উদ্ধৃত দরের সমুদয় টাকা, উৎস কর ও মূল্য সংযোজন কর জমা প্রদানের ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে। এক্ষেত্রে কোন প্রকার আপত্তি গ্রহন করা হবে না।

৬। কার্য্যাদেশ প্রদানের ৩০(ত্রিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট ভবনটি অপসারন করে নিতে হবে।

৭। ভবনটি অপসারনে সময় আশপাশের কোন সম্পদ, স্থাপনা, বৈদ্যুতিক ও টেলিফোন তার, খুটির ক্ষতি করা যাইবে না, এক্ষেত্রে কোন সম্পদ বা স্থাপনা, বৈদ্যুতিক ও টেলিফোন তার, খুটির ক্ষতি করা হলে নিলামকারীকে রেলওয়ে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ক্ষতিপূরন এর টাকা পরিশোধ করতে হবে।

৮। মালামাল সরবরাহ নেওয়ার সময় ক্রেতার কোন লোক যদি আঘাতপ্রাপ্ত হয়, মারা যায় এবং কোন প্রকার দূর্ঘটনার শিকার হয় তাহার জন্য রেলওয়ে কর্তৃপক্ষ দায়ী থাকবেনা। ভবনটি অপসারনের সময় ক্রেতা সকল প্রকার নিরাপত্তা নিশ্চিত করবেন।

৯। শর্তাবলীর ৬-এ বর্নিত সময় সীমার মধ্যে ভবনটি অপসারন করা না হলে, জামানতসহ জমাকৃত সমুদয় টাকা বাজেয়াপ্ত করা হবে। এ ব্যাপারে কোন ওজর আপত্তি গ্রহনযোগ্য হবে না।

১০। সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠান তাহার নিজস্ব ব্যবস্থাপনায় ও ব্যয়ে জন সাধারনের স্বাচ্ছন্দে চলাচল ও নিরাপত্তা বিঘ্নিত না করে ভবনটি অপসারন করে নিতে হবে।

১১। রেলওয়ে কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

১২/১১/২৬

(জীষান দত্ত)
বিভাগীয় প্রকৌশলী-২
বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।

অনুলিপি:- সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জৈষ্ঠতার ভিত্তিতে নয়):-

১। মহাব্যবস্থাপক(পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।
২। জেলা প্রশাসক, চট্টগ্রাম মহোদয়। দরপত্রের অংশ গ্রহণে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট বিক্রির নিমিত্ত ০২(দুই) সেট করে " দরপত্র দলিল" সাথে প্রেরণ করা হলো। আগামী ০৩/১২/২০২৬খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত বিক্রির দরপত্রের সংখ্যা নিম্ন স্বাক্ষরকারীকে অবহিত

চলমান পাতা-২

করার জন্য সবিনয় অনুরোধ করা হলো। বিক্রয়ের সময় মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে বরাবরে নির্ধারিত কোডে (১৪২২৩২৮) " এ চালান" মূলে ১০০০/-(এক হাজার টাকা) জমা প্রদানের প্রমানপত্র গ্রহন করতে হবে। ক্রেতা একাধিক হলে প্রেরিত দরপত্র দলিলের মূলকপি থেকে ফটোকপি করে সংশ্লিষ্ট অফিসের সীল ব্যবহার করে বিক্রয় করা যাবে। দরপত্র দাখিলের সুবিধার্থে ০৬/১২/২০২৬খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় একটি দরপত্র বাক্স মহোদয়ের দপ্তরে বসানোর সদয় অনুমতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন এবং দাখিলকৃত দরপত্র দলিলাদি অত্র দপ্তরে প্রেরণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

৩। এফএএন্ডসিএও(পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।

৪। প্রধান প্রকৌশলী(পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।

৫। রেলওয়ে পুলিশ সুপার(এসআরপি), চট্টগ্রাম । দরপত্রের অংশ গ্রহণে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট বিক্রির নিমিত্ত ০২(দুই) সেট করে " দরপত্র দলিল" সাথে প্রেরণ করা হলো। আগামী ০৩/১২/২০২৬খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত বিক্রির দরপত্রের সংখ্যা নিম্ন স্বাক্ষরকারীকে অবহিত করার জন্য সবিনয় অনুরোধ করা হলো। বিক্রয়ের সময় মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে বরাবরে নির্ধারিত কোডে (১৪২২৩২৮) " এ চালান" মূলে ১০০০/-(এক হাজার টাকা) জমা প্রদানের প্রমানপত্র গ্রহন করতে হবে। ক্রেতা একাধিক হলে প্রেরিত দরপত্র দলিলের মূলকপি থেকে ফটোকপি করে সংশ্লিষ্ট অফিসের সীল ব্যবহার করে বিক্রয় করা যাবে। দরপত্র দাখিলের সুবিধার্থে ০৬/১২/২০২৬খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় একটি দরপত্র বাক্স মহোদয়ের দপ্তরে বসানোর সদয় অনুমতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন এবং দাখিলকৃত দরপত্র দলিলাদি অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৬। সিএসটিই(টেলিকম), রেলভবন, ঢাকা। দরপত্র বিজ্ঞপ্তি বাংলাদেশ রেলওয়ের ওয়েব সাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৭। সিএসটিই(টেলিকম) পূর্ব, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।

৮। বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম ।

৯। উপ-পরিচালক, প্রচার ও জনসংযোগ/পূর্ব, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম এর অবগতি ও বিজ্ঞপ্তির বহুল প্রচারিত ০২(দুই) টি দৈনিক (১টি বাংলা ও ১টি ইংরেজী) পত্রিকায় এবং স্থানীয় ০২(দুই)টি দৈনিক বাংলা পত্রিকায় প্রচারের ব্যবস্থা গ্রহণ পূর্বক বিজ্ঞপ্তির কপি সহ অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

১০। ডিইও/চট্টগ্রাম, ডিএফএ/চট্টগ্রাম এবং কমান্ড্যান্ট আরএনবি/চট্টগ্রাম দরপত্র ওপেনিং কমিটি (TOC) সদস্য হিসেবে নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থেকে দরপত্র কার্যক্রমে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

১১। বিভাগীয় প্রকৌশলী-১, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।

১২। কমান্ড্যান্ট, আরএনবি, চট্টগ্রাম। বর্ণিত ০৬/১২/২০২৬খ্রিঃ এবং ০৭/১২/২০২৬ খ্রিঃ তারিখ দরপত্র দাখিল ও ওপেনিং এর নির্ধারিত সময়ে একজন কর্মকর্তার অধীনে প্রয়োজনীয় সংখ্যক সশস্ত্র ফোর্স মোতায়েন করার জন্য অনুরোধ করা হলো এবং ০৬/১২/২০২৬ইং তারিখে জেলা প্রশাসক কার্যালয় এবং রেলওয়ে পুলিশ সুপার (এসআরপি), চট্টগ্রাম এর কার্যালয় হতে দরপত্র দাখিল সংক্রান্ত দলিলাদি আনয়নে প্রয়োজনীয় নিরাপত্তা প্রদানের জন্য চাহিদা মোতাবেক ফোর্স প্রদানের জন্য অনুরোধ করা হলো।

১৩। অফিসার ইনচার্জ, জিআরপি, চট্টগ্রাম ষ্টেশন। বর্ণিত ০৬/১২/২০২৬খ্রিঃ এবং ০৭/১২/২০২৬ খ্রিঃ তারিখ দরপত্র দাখিল ও ওপেনিং এর নির্ধারিত সময়ে একজন কর্মকর্তার অধীনে প্রয়োজনীয় সংখ্যক ফোর্স মোতায়নের জন্য অনুরোধ করা হলো।

১৪। এইএন/কলোনী/চট্টগ্রাম ও পাহাড়তলী, এস এস এ ই/কার্য/কলোনী/চট্টগ্রাম ও পাহাড়তলী, এসএসএই/পানি-পূর্ত/চট্টগ্রাম ও পাহাড়তলী।

অনুলিপি:-সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো (জৈষ্ঠতার ভিত্তিতে নয়):-

১৫। অধিনায়ক, র‍্যাব-৭, স্টিল মিল, চট্টগ্রাম।

১৬। উপ-পুলিশ কমিশনার/উত্তর/দক্ষিণ, নগর বিশেষ শাখা, সিএমপি, চট্টগ্রাম।

১৭। অফিসার ইনচার্জ, খুলশী, চট্টগ্রাম। বর্ণিত ০৬/১২/২০২৬খ্রিঃ এবং ০৭/১২/২০২৬ খ্রিঃ তারিখ দরপত্র দাখিল ও ওপেনিং এর নির্ধারিত সময়ে একজন উপযুক্ত কর্মকর্তার অধীনে প্রয়োজনীয় সংখ্যক সশস্ত্র ফোর্স নিয়োগ করার জন্য অনুরোধ করা হলো।

২৭/১১/২৬

(জীষান দত্ত)
বিভাগীয় প্রকৌশলী-২
বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।